

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১১১

স্মারক নং : সিশিবো/পনি/জে এস সি/১৪০/২০১৫/৮৫৬

তারিখ : ০৩/০৮/২০১৫

২০১৫ সনের জেএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি) পরীক্ষার Online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

- Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে ১১/০৮/২০১৫ তারিখ (www.sylhetboard.gov.bd) দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১২/০৮/২০১৫ থেকে ১৮/০৮/২০১৫ তারিখের মধ্যে Online এ ফরম পূরণের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। Online এ বিদ্যালয় কর্তৃপক্ষ যথাযথভাবে ফরম পূরণের পর **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ABB/RMS⁺ পদ্ধতিতে সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে” টাকা জমা করতঃ মূল জমা রশিদ ও ফরম পূরণের প্রিন্ট কপি ১সেট হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্টকপি ০১(এক) সেট পরীক্ষা বিভাগের জে এস সি শাখায় জমা দিতে হবে এবং ০১ (এক) সেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।
- উল্লেখ্য, ২০১৫ সালের জে এস সি পরীক্ষার eFF এর মাধ্যমে ফরম পূরণের জন্য ২০১৫ সালের ৮ম শ্রেণির রেজিস্টেশনের (eSIF) এর জন্য যে প্রতিষ্ঠানে যে password দেয়া হয়েছে উক্ত password ২০১৫ সালের জে এস সি পরীক্ষার ফরমপূরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- মূল রশিদ, পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্ট আউট কপিসহ কাগজপত্র বোর্ডে জমাদানের সময়সীমাঃ

ক্রমিক নং	কাজের বিবরণ	শেষ তারিখ
১.	কেবলমাত্র নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে রেজিস্ট্রেশন হওয়া সাপেক্ষে শিক্ষার্থীরা ২০১৫ সনের জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।	-
২.	বিলম্ব ফি ছাড়া মূল ফি জমাদানের শেষ তারিখ : (সোনালী ব্যাংকের যে কোন শাখা)	১৮/০৮/২০১৫
৩.	পরীক্ষার্থী প্রতি ২৫.০০(পঁচিশ) টাকা হারে বিলম্ব ফি সহ মূল ফি জমাদানের শেষ তারিখ : (সোনালী ব্যাংকের যে কোন শাখা)	২৩/০৮/২০১৫

ক্রমিক নং	জেলার নাম	বিলম্ব ফি ছাড়া মূল জমা রশিদ, প্রিন্টআউট কপি এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ	বিলম্ব ফি সহ মূল জমা রশিদ, প্রিন্ট আউটকপি এবং অন্যান্য কাগজপত্র জমা দেয়ার তারিখ
(১)	সুনামগঞ্জ জেলা	২০/০৮/২০১৫	৩০/০৮/২০১৫ (সকল জেলা)
(২)	সিলেট জেলা	২৩/০৮/২০১৫ (সিলেট সদর, দঃসুরমা, বালাগঞ্জ, বিশ্বনাথ ও ফেঞ্চুগঞ্জ)	
(৩)		২৪/০৮/২০১৫ (সিলেট জেলার অবশিষ্ট উপজেলাসমূহ)	
(৪)	হবিগঞ্জ জেলা	২৫/০৮/২০১৫	
(৫)	মৌলভীবাজার জেলা	২৬/০৮/২০১৫	

৪. পরীক্ষার ফি এর হার :

- ক) পরীক্ষার ফি, প্রতি পরীক্ষার্থী : ১০০/- (একশত) টাকা।
 খ) বিলম্ব ফি, প্রতি পরীক্ষার্থী : ২৫/- (পঁচিশ) টাকা।
 গ) কেন্দ্র ফি, প্রতি পরীক্ষার্থী : ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা। (শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করবে)।
 ঘ) Online ফি প্রতি পরীক্ষার্থী : ৫/- টাকা

৫। ফি এবং প্রিন্ট আউট জমাদান পদ্ধতি :

ক) নির্দিষ্ট তারিখের মধ্যে ১নং ক্রমিকে বর্ণিত নিয়মানুযায়ী সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে” টাকা জমা করতঃ মূল জমা রশিদ ও ফরম পূরণের প্রিন্ট কপি ০১সেট হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্টকপি ০১(এক) সেট পরীক্ষা (জে এস সি) শাখায় জমা দিতে হবে এবং ০১ (এক) সেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। হিসাব বিবরণী ফরম ও প্রিন্ট আউট কপি নির্দিষ্ট তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে

পরীক্ষা (জেএস সি) শাখার সংশ্লিষ্ট সহকারীর নিকট অথবা তাঁর অনুপস্থিতিতে উক্ত শাখার যে কোন কর্মকর্তার নিকট জমা দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত সহকারী বা কর্মকর্তা ব্যতিত অন্য কারও নিকট হিসাব বিবরণী, প্রিন্টআউট কপি এবং আনুষঙ্গিক কাগজপত্র জমা না দিলে এর জন্য কোন জটিলতা সৃষ্টি হলে, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকেই বহন করতে হবে।

খ) কোন ক্রমেই পরীক্ষার ফি নগদ টাকা, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রশিদ, ব্যাংক ড্রাফট/পেঅর্ডার অথবা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়া যাবে না।

গ) কোন অবস্থাতেই পরীক্ষার্থীর স্বাক্ষরসহ প্রিন্ট কপি, আনুষঙ্গিক কাগজপত্র এবং ব্যাংকে টাকা জমাদানের মূল জমা রশিদ ডাকযোগে পাঠানো যাবে না।

৬। ফি জমাদানের ছক :

ক্রমিক নং	ফি এর খাত	ফি এর হার	শিক্ষার্থী সংখ্যা	মোট টাকা
১.	জেএসসি পরীক্ষার ফি (জিপিএ উন্নয়নসহ) প্রতি পরীক্ষার্থী	১০০/-		
২.	বিলম্ব ফি, প্রতি পরীক্ষার্থী ,(প্রযোজ্য ক্ষেত্রে)	২৫/-		
৩	Online ফি, (প্রতি পরীক্ষার্থী)	৫/-		
			সর্বমোট =	

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

